



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

রেমিট্যান্স সেল, আইটি বিভাগ

সূত্র নং-কেবি/প্রকা/আইটিবি/রেমিট-০১/২০১৮-২০১৯/২২(২৮১)

তারিখ : ০৬.০৯.২০১৮

সকল শাখা ব্যবস্থাপক/
সকল আঞ্চলিক ব্যবস্থাপক/
সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : নির্বিঘ্নে ও দ্রুততম সময়ে ফরেন রেমিট্যান্স পরিশোধ।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য সরকারের একটি অগ্রাধিকারমূলক খাত হচ্ছে প্রবাসী আয় বা ফরেন রেমিট্যান্স। বিদেশে কর্মরত বাংলাদেশীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা বাংলাদেশে অবস্থানরত তাঁদের আত্মীয়-স্বজনদের নিকট নির্বিঘ্নে ও দ্রুততম সময়ে পৌঁছে দেয়ার জন্য কর্মসংস্থান ব্যাংক ২৩.০২.২০১৭ তারিখে ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড এর সাথে একটি চুক্তি সম্পাদন করে। তদুপেক্ষিতে কর্মসংস্থান ব্যাংক ০৭.০৩.২০১৭ তারিখ হতে ফরেন রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম শুরু করার মাধ্যমে সরকারী এ কার্যক্রমে অংশগ্রহণ করায় দেশে-বিদেশে ব্যাংকের প্রচার ও সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এ পর্যন্ত ব্যাংকের ২২৮টি শাখা এ কার্যক্রমে অংশগ্রহণ করেছে। ফরেন রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম পরিচালনার জন্য এনসিসি ব্যাংক কর্মসংস্থান ব্যাংককে ০২ (দুই) কোটি টাকা সুদবিহীন অগ্রিম প্রদান করেছে, যা ব্যাংকের বিভিন্ন শাখায় বিতরণ করা হয়েছে। রেমিট্যান্স বাবদ পরিশোধকৃত অর্থ কিছু দিন পর পর এনসিসি ব্যাংক হতে পুনর্ভরণ গ্রহণ করা হয়।

০৩। চুক্তি সম্পাদনের সময় ২৬টি Money Transfer Operator (MTO) এর সাথে এনসিসি ব্যাংকের চুক্তি ছিল, যা বেড়ে বর্তমানে ৩২টি হয়েছে। এ সংখ্যা ক্রমবর্ধমান। ৩২টি MTO এর মধ্যে কর্মসংস্থান ব্যাংক ১৭টি MTO এর ফরেন রেমিট্যান্স পরিশোধ করতে পারে এবং বাকী ১৫টি MTO এর পরিশোধ কার্যক্রম এখনও শুরু হয়নি। যে ১৭টি MTO এর পরিশোধ কার্যক্রম চালু রয়েছে, সে সকল MTO এর মধ্যে কর্মসংস্থান ব্যাংকের রেমিট্যান্স সেল ১২টি এবং এনসিসি ব্যাংক ০৫টি MTO এর রেমিট্যান্স 'Systematically Pulled out' বা 'Systematically Paid' (MTO এর Software এ Log in করে PINসহ রেমিট্যান্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রি দিয়ে 'বিভিন্ন ব্যাংকের জন্য উন্মুক্ত অবস্থায় থাকা' রেমিট্যান্সের অর্থ নিজেদের অনুকূলে Booked করে রাখা) করে। একবার 'Systematically Pulled out/Paid' হয়ে গেলে ঐ PIN দ্বারা অন্য কোন ব্যাংক আর রেমিট্যান্স পরিশোধ করতে পারে না। ৩২টি MTO এর বিবরণ নিম্নরূপ :

ক্র. নং	MTO কোড	MTO এর নাম [MTO এর সংক্ষিপ্ত নাম]	PIN সংখ্যা	কত দিয়ে বা কি দিয়ে শুরু/শেষ	কোন দেশ থেকে এসে থাকে	পরিশোধের ধরন	কোন ব্যাংক রেমিট্যান্স Pulled out করে
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	১২	ইসলামিক এক্সচেঞ্জ কোঃ (Islamic Exchange Co.) [IE]	৭	যে কোন অংক	কাতার	Batch	পরিশোধ কার্যক্রম এখনও শুরু হয়নি
২	৩১	ফার্স্ট সিকিউরিটি ইসলামি এক্সঃ (First Security Islami Ex. Online) [FSIE]	৭	FSIE (Excluded)	ইতালি/ EUভুক্ত দেশ	Online	রেমিট্যান্স সেল, কর্মসংস্থান ব্যাংক
৩	০১	মানিগ্রাম ইন্টারন্যাশনাল (Money-gram Online Cash) [MG]	৮	যে কোন অংক	সারা বিশ্ব	Online	এনসিসি ব্যাংক
৪	০৮	জেনজ এক্সচেঞ্জ (Zenj Exchange) /Turo Cash [ZE]	৮	ZE (Excluded)	বাহরাইন	Online/ Batch	পরিশোধ কার্যক্রম এখনও শুরু হয়নি
৫	২৯	ডলারকো এক্সচেঞ্জ কোঃ (Dollarco Exchange Co) [DE]	৮	যে কোন অংক	কুয়েত	Batch	পরিশোধ কার্যক্রম এখনও শুরু হয়নি
৬	২৩	হাবিব কাতার ইন্টাঃ এক্সঃ, কাতার (Habib Qatar Int.Ex.) [HQ]	৮/১৩	যে কোন অংক	কাতার	Online/ Batch	পরিশোধ কার্যক্রম এখনও শুরু হয়নি
৭	১০	সিগে গ্লোবাল সার্ভিসেস লিঃ (Sigue Global Services Ltd) [Sigue]	৯	৩	সারা বিশ্ব	Online/ Batch	রেমিট্যান্স সেল, কর্মসংস্থান ব্যাংক
৮	১৩	ইন্সট্যান্ট ক্যাশ (Instant Cash Global Money Transfer Online) [IC]	৯	১৪	সারা বিশ্ব	Online	রেমিট্যান্স সেল, কর্মসংস্থান ব্যাংক

